সমকাল

তারিখ: 20 JAN 2016
পৃষ্ঠা: ৭ কলাম: ২

# ভবন ঝুঁকিপূর্ণ, ছাপরা ঘরে চলে ক্লাস

■ পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর পৌর এলাকার কুমারখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতল ভবনটি দীর্ঘদিন ধরে জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী অবস্থায় পড়ে আছে। ফলে বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় উদ্যোগে জরাজীর্ণ ভবনের পাশে একটি টিনের ছাপরা দিয়ে সেখানে বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের পড়ানো হচ্ছে। এছাড়া ঝাটকাঠি ও মাছিমপুর মণ্ডলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় দুটির অনুরূপ একতলা ভবনও জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে।

## পিরোজপুরে ৩ প্রাথমিক বিদ্যালয়

কুমারখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় নামে এ শিক্ষা প্রতিষ্ঠানটির অবস্থান জেলা শহরের এক নিভৃত প্রান্তে হওয়ায় শিশুরা কীভাবে হেলাফেলার মধ্যে লেখাপড়া করে তা চোখে না দেখলে বিশ্বাস করা যাবে না। পৌরসভাভুক্ত এলাকা হলেও কুমারখালীর বাড়ৈপাড়ার এ বিদ্যালয়টি গ্রামীণ পরিবেশে স্থাপিত। ১৯৪৭ সালে প্রতিষ্ঠিত বিদ্যালয়ের দ্বিতল ভবনের নির্মাণকাল ১৯৯৯ সাল। ৮০ শিক্ষার্থীর জন্য সাত শিক্ষক এখানে কর্মরত রয়েছেন। প্রধান শিক্ষিকা অপর্ণা রানী বল জানান, ২০১৩ সালের ৭ অক্টোবর বিদ্যালয়ের দ্বিতল ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হয়। স্থানীয়ভাবে জানা যায়, দ্বিতল ভবনটি যখন নির্মাণ করা হয় তখন বিদ্যালয়ের জায়গা ছিল নিচু ও বর্ষাকালে জলমগ্ন থাকত। জুলাই ও সেপ্টেম্বরে পানিতে ডুবে যায়। এমনকি বিদ্যালয়ের মেঝেতেও এক-দেড় ফুট পানি উঠে যায়। আসবাবপত্র বেঞ্চ, টেবিল, চেয়ার তখন বিনষ্ট হয়। তখন পাঠদান একরকম বন্ধই থাকে। সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা আতিকুর রহমান জানান, বারবার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে বিদ্যালয়টির পুনর্নির্মাণের জন্য প্রস্তাব পাঠিয়েও কোনো সাড়া পাওয়া যাচ্ছে না।